

# শিবালয়ে উন্নয়ন মেলায় কৃষি বান্ধব চুলা (আখা) ও বায়োচার প্রদর্শনী



**মানিকগঞ্জ থেকে আকাশ চৌধুরী ::** আজ ১৪ জানুয়ারী মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলা চত্বরে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা ২০১৭ এর আয়োজন করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমগ্র দেশে ভিডিও কনফারেন্সের মাধ্যমে একযোগে এ মেলার উদ্বোধন ঘোষণা করেন।

মেলায় আগত বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি সিসিডিবি, দশচিড়া অফিস বায়োচার প্রজেক্ট এর উদ্যোগে “আখা কৃষি বান্ধব চুলা (আখা) ও বায়োচার প্রদর্শনীর একটি স্টল প্রদর্শন করে। মেলার শেষ দিনে মানিকগঞ্জ -১ আসনের এমপি আলহাজ্ব এএম নাইমুর রহমান দূর্জয়, শিবালয় উপজেলা চেয়ারম্যান মোহাম্মদ আলী আকবর ও উপজেলা নির্বাহী অফিসার কৃষি বান্ধব চুলা ও বায়োচার প্রদর্শনীর স্টল পরিদর্শন করেন। পরিদর্শনকালে এমপি মহোদয় (কৃষি বান্ধব চুলা) ও বায়োচার সম্পর্কে জানতে চাইলে প্রজেক্টের প্রজেক্ট ম্যানেজার কৃষ্ণ কুমার সিংহ বলেন, আখা কৃষি বান্ধব চুলা। এই চুলায় রান্নার পাশাপাশি বায়োচার উৎপাদন করা যায়। যা কৃষি জমিতে ব্যবহার করলে জমির উর্বরা শক্তি বৃদ্ধি পায় এবং ফসল উৎপাদন বৃদ্ধি পায়। বায়োচার মাটি সংশোধন করে, মাটির পানি ধারণ ক্ষমতা বাড়ায়, মাটির পুষ্টি উপাদান ধরে রাখে, মাটির জৈব গুণাগুণ অক্ষুণ্ন রাখে।

এমপি মহোদয় আখাটি গ্রাহককে কি ভাবে দেয়া হচ্ছে জানতে চাইলে প্রজেক্ট ম্যানেজার বলেন-কোন গ্রাহক আখা নিতে চাইলে প্রথমে আখা ও বায়োচার ব্যবহারকারী দলের সদস্য হতে হবে, আমরা তাদেরকে আখা ব্যবহারের উপর প্রশিক্ষণ দিয়ে আখা প্রদান করে থাকি। প্রজেক্ট ম্যানেজারের কথা শুনে এমপি মহোদয় শুধুমাত্র সদস্যদের মধ্যে সীমাবদ্ধ না রেখে সদস্যদের বাইরেও যারা আখা নিতে ইচ্ছুক তাদেরকেও আখা দেয়ার পরামর্শ দেন।

তিনি আখা বিষয়ে জনসাধারণের মাঝে সভা, সেমিনারে মাধ্যমে আখার গুণাগুণ প্রচারের পরামর্শ দেন এবং বলেন এটি শুধু শিবালয় উপজেলায় নয় মানিকগঞ্জ জেলায় ভালই চলবে।

14 January, 2017, [noakhalirkatha24.com](http://noakhalirkatha24.com)